

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date: 27-04-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

CEO Press Meet:

পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচনে শান্তিপূর্ণভাবে ভোট হওয়ায় রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারীক পুনীত আগরওয়াল ভোটারদের সাথে ভোটকর্মীদের অভিনন্দন জানিয়েছেন। গতকাল রাতে আগরতলায় সাংবাদিক সম্মেলনে শ্রী আগরওয়াল বলেন, গতকালের ভোট শান্তিপূর্ণ অবাধভাবে ও সুষ্ঠু হয়েছে। তিনি জানান, এর মধ্যে দিয়ে রাজ্যে লোকসভা নির্বাচনের দুটি আসনের ভোট গ্রহণ পর্ব শেষ হয়েছে। গতকাল রাত ৮টা পর্যন্ত ভোট পড়েছে গড়ে ৮০.৩২ শতাংশ হারে। রাতেও কয়কটি বুথে ভোট চলে বলে তিনি জানান।

এদিকে, নির্বাচনে আচরন বিধি লঙ্ঘন করার দায়ে এ পর্যন্ত ২৬ জন সরকারী কর্মচারীকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। গতকালও তিন জনকে সাময়িক বরখাস্ত করা হয়। সাংবাদিক সম্মেলনে দুই অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারীক সুভাশিস ব্যানার্জি ও উষাজেন মগ উপস্থিত ছিলেন।

Polling Party:

পূর্ব ত্রিপুরা আসনে ভোট গ্রহণ শেষে ইভিএম নিয়ে ভোটকর্মীর দল গতকাল রাতে যার যার ষ্ট্রং রুমে নিরাপদে ফিরে এসেছেন। রাজ্য পুলিশের সদর কার্যালয় থেকে আজ সকালে এই সংবাদ জানানো হয়। ৬টি জেলায় জুড়ে এই আসনে ১২টি ষ্ট্রং রুম রয়েছে। ইভিএম গুলোকে কঠোর নিরাপত্তায় ষ্ট্রং রুমে রাখা হয়েছে।

Election-East Tripura :

লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ের গতকাল পূর্ব ত্রিপুরা উপজাতি সংরক্ষিত আসনে ভোট গ্রহণ করা হয়। মোট ১,৬৬৪টি ভোট কেন্দ্রে ভোট গ্রহণ সম্পন্ন হয়। এই আসনে মোট ৯ জন প্রার্থীর ভাগ্য নির্ধারণ করা হয়। তাপপ্রবাহ সত্ত্বেও ভোট কেন্দ্রগুলিতে ভোটাররা দীর্ঘ লাইন দিয়ে ভোটাধিকার প্রয়োগ করেন। এই আসনের অধীনে মডেল ভোটগ্রহণ কেন্দ্র ৬১টি, মহিলা পরিচালিত ৬৭টি, দিব্যাঙ্গ ৩০টি এবং যুবা ভোটকর্মী দ্বারা পরিচালিত ভোটগ্রহণ কেন্দ্র ছিল ৩০টি। এর সাথে বৃষ্টি ভোটার ১৬,২৬০ জন। ভোটগ্রহণের দিন সমস্ত ভোটকেন্দ্রেই ওয়েবকাস্টিং করা হয়।

India Bloc-PressMeet :

তীব্র দাবদাহ এবং শাসকদলের ভয় ভীতিকে উপেক্ষা করেও ভোটাধিকার প্রয়োগ করায় ভোটারদের অভিনন্দন জানিয়েছেন ইন্ডিয়া ব্লকের পক্ষে সিপিআইএম দলের রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী। গতকাল রাতে এক সাংবাদিক সম্মেলনে তিনি অভিযোগ করেন সরব প্রচার শেষ হওয়ার সঙ্গে সঙ্গে শাসকদলের পক্ষ থেকে প্রতিটি জায়গায় ভোটারদের ভয় ভীতি দেখানো হয়েছে। বেশ কিছু বাড়ি ঘরে আক্রমণও করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা এবং রাজ্য বামফ্রন্ট কমিটির আহ্বায়ক নারায়ণ কর।

BJP-Press meet :

প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য গতকাল সন্ধ্যায় আগরতলায় সাংবাদিক সম্মেলনে জানান, পূর্ব ত্রিপুরা লোকসভা আসনে নির্বাচন উৎসাহ ও উদ্দীপনার মধ্যে সম্পন্ন হয়েছে। নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় তিনি নির্বাচনের কাজের সঙ্গে যুক্ত সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানিয়েছেন। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, প্রদেশ বিজেপি মুখপাত্র সুরত চক্রবর্তী প্রমুখ।

Vote-Bru :

মিজোরাম থেকে ত্রিপুরা আশ্রিত বৃষ্ণ শরণার্থীরা স্থায়ী পুনর্বাসন পাবার পর এই প্রথমবারের মত রাজ্যে ভোটাধিকার প্রয়োগ করছেন। পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচনে এই ধরনের বৃষ্ণ ভোটার রয়েছে ১৬ হাজারেরও বেশি। তারা ধলাই, গোমতি ও উত্তর জেলায় তাদের জন্য নির্দিষ্ট ভোট কেন্দ্রে ভোটাধিকার প্রয়োগ করেছেন।

2nd phase :

অষ্টাদশ লোকসভা নির্বাচনে গতকাল দ্বিতীয় পর্যায়ের ভোট গ্রহণ করা হয়। ১২টি রাজ্য এবং জম্মু ও কাশ্মীরের কেন্দ্রশাসিত অঞ্চল সহ ৮৮টি সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের এই ভোট গ্রহণ করা হয়। এর মধ্যে রয়েছে কেরালায় ২০টি, কর্ণাটকের ১৪টি, রাজস্থানের ১৩টি, উত্তরপ্রদেশ ও মহারাষ্ট্রের ৮ টি, মধ্যপ্রদেশে ৬টি, আসাম ও বিহারের ৫টি, পশ্চিমবঙ্গ ও ছত্তিশগড়ে ৩টি আসন এবং মণিপুর, ত্রিপুরা ও জম্মু ও কাশ্মীরে একটি করে আসনে। BSP প্রার্থীর মৃত্যুর কারণে মধ্যপ্রদেশের বেতুল উপজাতি সংরক্ষিত আসনের জন্য আজকের নির্ধারিত ভোটগ্রহণ বাতিল করে, তা তৃতীয় পর্যায়ে অনুষ্ঠিত হবে।

Restoration Rail line :

এনএফ রেলওয়ের লামডিং ডিভিশনের অন্তর্গত জাটিঙ্গা লামপুর এবং নিউ হারাঙ্গাজাও স্টেশনের মধ্যে ট্রেন চলাচল গতকাল দুপুর থেকে পুনরায় স্বাভাবিক হয়েছে। এন এফ রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারীক জানিয়েছেন, আগরতলা-আনন্দবিহারের মধ্যে চলাচলকারী তেজস রাজধানী

এক্সপ্ৰেস ট্ৰেনটি গতকাল এই পথে আগরতলার দিকে রওয়ানা হয়েছে। এন এফ রেলওয়ের কর্মকর্তা ও প্রায় ৩০০ রেল শ্রমিকের যুদ্ধকালীন তৎপরতায় রেল লাইন পুনরায় চালু হয়েছে।

একটি মালগাড়ির ইঞ্জিন লাইনচ্যুত হওয়ায় এই লাইনে ট্ৰেন চলাচল বন্ধ করে দেওয়া হয়েছিল।

Cricket :

টিসিএ পরিচালিত তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতার আজ আরও তিনটি ম্যাচ হবে। তিনটি পৃথক মাঠে এই ম্যাচগুলির বিজয়ীরা কোয়ার্টার ফাইনালে উঠবে। আসরের প্রথম দিনে তিনটি খেলায় জয় ছিনিয়ে বনমালীপুর ক্রিকেট ক্লাব, সংহতি ক্লাব ও জয়নগর ক্রিকেট ক্লাব কোয়ার্টার ফাইনালে উঠেছে।

Weather :

রাজ্যে উষ্ণতাপ প্রবাহ এবং বাতাসে আর্দ্রতার পরিমাণ অব্যাহত রয়েছে। আরো দুই দিন এই পরিস্থিতি অব্যাহত থাকবে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৭ ডিগ্রির সেলসিয়াসের কাছাকাছি থাকবে।

এদিকে, আবহাওয়া বিভাগ থেকে জানানো হয় আগামী চৌঠা মে থেকে তাপপ্রবাহ কমান সম্ভাবনা রয়েছে। চৌঠা মে থেকে ১০ই মের মধ্যে রাজ্যের বিভিন্ন স্থানে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।
